

B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

বিষয় : বাংলা (সাম্মানিক)

Course : CC-XII

সময় : ৩ ঘন্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'আমাদের মধ্যে আজকাল একদল লোক মাথা তোলা দিয়াছেন।'—'একদল লোক' বলতে প্রাবন্ধিক কাদের বুঝিয়েছেন?
- (খ) 'আমাদের ভাষা সংকট' কবে, কোথায় প্রথম প্রকাশিত হয়?
- (গ) 'ভাদুলি' ব্রত কেন করা হয়?
- (ঘ) 'বিলেতি' শব্দটি প্রাবন্ধিক কী অর্থে ব্যবহার করেছেন?
- (ঙ) 'এতে বাংলা তো তার স্বধর্মই পালন করে চলেছে'—এখানে 'স্বধর্ম' বলতে কী বোঝানো হয়েছে?
- (চ) 'সবারই উপর চরম প্রভুত্ব করছে ক্লাইভ স্ট্রীট'— কোন প্রেক্ষিতে লেখকের এই মন্তব্য?
- (ছ) পৌরাণিক ব্রতের উপাদানগুলি কী কী?
- (জ) 'নারী-ব্রত' হিসেবে প্রাবন্ধিক কোন ধরনের ব্রতগুলিকে চিহ্নিত করেছেন?
- (ঝ) 'কাব্যজিজ্ঞাসা' কোন পত্রিকায়, কত বঙ্গাব্দে প্রকাশিত হয়?
- (ঞ) আনন্দবর্ধন কোন শতাব্দীর আলংকারিক? তিনি কোন অঞ্চলের অধিবাসী ছিলেন?
- (ট) অভিনব গুপ্তের প্রধান দুখানি গ্রন্থের নাম লেখো।
- (ঠ) 'রসবাদ' ও 'ধ্বনিবাদ'-এর একজন করে আলংকারিকের নাম লেখো।
- (ড) 'অর্থযুক্ত পদসমুচ্চয়' বলতে লেখক কী বুঝিয়েছেন?
- (ঢ) 'কাব্য জিজ্ঞাসা' গ্রন্থের 'রস' প্রবন্ধে প্রাবন্ধিক কার লেখা, কোন গল্পের উল্লেখ করেছেন?
- (ণ) অভিনব গুপ্ত বিভাব ও অনুভাবকে কী বলে আখ্যা দিয়েছেন?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪×৫=২০

- (ক) 'ধর্মের বিপ্লবের মধ্যেও বাঙলার কাব্যরূপ নতুন নতুন উপাদান পেয়েছে।'—প্রাবন্ধিকের এই বক্তব্যের কারণ বিশ্লেষণ করো।
- (খ) 'কিন্তু আসল কথা বলি,'—'লোকশিক্ষা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় 'আসল কথা' বলতে কী বুঝিয়েছেন?
- (গ) 'সে দেশে পুরুষের আইন তাকে বাঁধতে পারেনি।'—'পুরুষের আইন' বলতে লেখক কী বোঝাতে চেয়েছেন?
- (ঘ) 'রীতিরাত্মা কাব্যস্য'— এই মন্তব্যের যথার্থ্য বিশ্লেষণ করো।
- (ঙ) 'এই অতিরিক্ত বস্তুই কাব্যের আত্মা'— অতুলচন্দ্র গুপ্তের 'কাব্যজিজ্ঞাসা' প্রবন্ধ গ্রন্থের 'ধ্বনি' প্রবন্ধ অবলম্বনে 'অতিরিক্ত বস্তু'-র স্বরূপ আলোচনা করো।
- (চ) 'কাব্যনির্মাণকৌশলের তিন ভাগ।'— এই তিনটি ভাগ সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'সুশিক্ষিতে অশিক্ষিতে সমবেদনা চাই।'— 'লোকশিক্ষা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের এই অভিমতটি ব্যাখ্যা করো।

অথবা

'বাঙলীর জাতিগত ইতিহাসের মধ্যেও তার অক্ষুরের সন্ধান রয়েছে,'—'বাংলা কাব্যের গোড়ার কথা' প্রবন্ধ অনুসরণে বক্তব্যটি বিস্তারিত করো।

- (খ) 'রসের ব্যঞ্জনাই বাক্যকে কাব্য করে।' — ধ্বনিবাদীদের এই অভিমতটি বিশ্লেষণ করো।

অথবা

'সাধারণীকরণ' বলতে আলংকারিকরা কী বোঝাতে চেয়েছেন তা 'রস' প্রবন্ধ অবলম্বনে ব্যাখ্যা করো।